# বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের মোটরযান, কম্পিউটার, আসবাবপত্র, অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি ও দ্রব্য সামগ্রী অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা।


বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার (১০ তলা) আগাঁরগাও ,ঢাকা-১২০৭

জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রাক্তন সংস্থাপণ মন্ত্রণালয়) কর্তৃক গত ১১ মে, ১৯৯৯ তারিখে জারিকৃত মন্ত্রণালয় এবং উহার আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণকরণ ও নিষ্পত্তির নীতিমালার অনুচ্ছেদ ৭ অনুযায়ী স্বায়ত্বশাসিত সংস্থার নিজস্ব নীতিমালা প্রণয়নের বিধান রয়েছে। কিন্তু বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের এ সংক্রান্ত কোন নীতিমালা নেই। তাই বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক নিম্মরূপ নীতিমালা প্রণয়ন করা হলোঃ

১। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণা সংক্রান্ত কার্যাদি নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে সম্পাদন করা হবেঃ

| | | |
|---|---|---|
| (ক) | পরিচালক (অর্থ ও প্রশাসন), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | সভাপতি |
| (খ) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের উপ সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (গ) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি.আর.টি.এ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঙ) | গণপূর্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (চ) | বিদ্যুৎ বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ছ) | উপ পরিচালক (ও এন্ড এম), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | সদস্য |
| (জ) | সংশ্লিষ্ট শাখা/কাজের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ | সদস্য-সচিব |

এ কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

২.১। মোটরযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় অনুচ্ছেদ ২ (ঘ) এ বর্ণিত কর্মকর্তাকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। সে ক্ষেত্রে ২ (গ), (ঙ), (চ) এ বর্ণিত সদস্য উপস্থিত থাকার প্রয়োজন নেই।

২.২। কম্পিউটার সংক্রান্ত যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় অনুচ্ছেদ ২ (গ) এ বর্ণিত কর্মকর্তাকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। সে ক্ষেত্রে ২ (ঘ), (ঙ), (চ) বর্ণিত সদস্য উপস্থিত থাকার প্রয়োজন নেই।

২.৩। লিফট, জেনারেটর সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় অনুচ্ছেদ ২ (ঙ) এ বর্ণিত কর্মকর্তাকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। সে ক্ষেত্রে ২ (গ), (ঘ), (চ) এ বর্ণিত সদস্য উপস্থিত থাকার প্রয়োজন নেই।

২.৪। সাবস্টেশন সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় অনুচ্ছেদ ২ (চ) এ বর্ণিত কর্মকর্তাকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। সে ক্ষেত্রে ২ (গ), (ঘ), (ঙ) এ বর্ণিত সদস্য উপস্থিত থাকার প্রয়োজন নেই।

২.৫। অকেজো ঘোষণকরণ কমিটি প্রয়োজন মনে করলে অকেজো ঘোষণার জন্য প্রস্তাবকৃত সকল বা কিছু সংখ্যক মোটারযান, কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রত্যক্ষ পরিদর্শন করতে পারবে।

২.৬। এই নীতিমালার আওতায় নিম্নলিখিত মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অন্তর্ভুক্ত থাকিবেঃ

(ক) সকল প্রকার মোটরযান যেমন- কার, জীপ, পিক-আপ, মাইক্রোবাস, মিনিবাস, বাস, এম্বুলেন্স, ট্রাক, মোটর সাইকেল ইত্যাদি।
(খ) কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।
(গ) লিফট, জেনারেটর, সাবস্টেশন সংশ্লিষ্ট যন্ত্রপাতি।
(ঘ) অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি, আসবাবপত্র ও অন্যান্য দ্রব্য-সামগ্রীঃ যেমন-ফটোকপিয়ার মেশিন, ফ্যাক্স মেশিন, প্রিন্টার মেশিন, এয়ার কন্ডিশনার, ইন্টারকম ও টেলিফোন সেট, সাউন্ড সিস্টেম, প্রজেক্টর, এলইডি ডিসপ্লে, টিভি, ফ্রিজ, সিসি ক্যামেরা ইত্যাদি এবং হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবহার অযোগ্য আসবাবপত্র ও অন্যান্য সামগ্রী।

৩.০। মোটরযানঃ

**৩.১। মোটরযান অকেজো ঘোষণার নির্ণায়কঃ**

(ক) বারবার মেরামতের ফলে মেরামত করে চালানো অলাভজনক এরূপ মোটরযান।
(খ) বাজারে সরবরাহ বন্ধ হয়ে গেছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এরূপ মোটরযান।
(গ) মেরামত করে নির্ভরযোগ্য ব্যবহারোপযোগী করতে মোটরযানের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হবে এরূপ মোটরযান।
(ঘ) দুই-এর অধিক প্রধান ইউনিটের অধিকাংশ যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হয়েছে এরূপ মোটরযান।
(ঙ) দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ মোটরযানের কাঠামো দুমড়ে/মুচড়ে গেছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হয়েছে এরূপ মোটরযান।
(চ) আয়ুস্কাল ন্যূনতম ৮ বছর অতিবাহিত হয়েছে এরূপ মোটরযান।

৪.০। কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতিঃ

**৪.১। কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণায়কঃ**

(ক) ঘন ঘন ত্রুটি দেখা যাচ্ছে এমন সব কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হয়ে পড়ছে।

(খ) যে সব কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রয়েছে, মডেল পরিবর্তন বা প্রযুক্তির উৎকর্ষের দরুন যাহার উৎপাদন ও সরবরাহ বন্ধ হযে গেছে এরুপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ।

(গ) মেরামত করে এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ সম্পূর্ণ ত্রুটিহীন ও সচল করে একই ক্ষমতাসম্পন্ন অনুরূপ যন্ত্রাদির বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হবে এমন কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ।

(ঘ) দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে বা যার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটেছে এরুপ কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

(ঙ) হার্ডওয়্যার এর গোলযোগের কারণে বার বার ত্রুটিপূর্ণ ফলাফল প্রদান করছে অথচ কোনভাবে ক্রটি নির্ণয় করা বা ক্রটিমুক্ত করা সম্ভব হচ্ছে না এরুপ কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

(চ) কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির আয়ুস্কাল (ওয়ারেন্টিকাল+অতিরিক্ত ৫ বছর= ন্যুনতম ৬ বছর) অতিবাহিত হয়েছে এবং কার্যকারিতা ভীষণভাবে কমে গিয়েছে এমন কম্পিউটার/ কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

**৫.০। মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ**

৫.১। মেরামতের অযোগ্য বা মেরামত করলে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি সম্পর্কে বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা/দায়িত্বরত কর্মকর্তা/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী নির্দিষ্ট ছকে প্রয়োজনীয় তথ্যাবলী প্রস্তুত করবেন। এ সকল যন্ত্রপাতি, আসবাবপত্র ও অন্যান্য সামগ্রী অকেজো ঘোষণার জন্য ৩ সদস্য বিশিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে কারিগরি কমিটি গঠন করতে হবে। কারিগরি কমিটির প্রতিবেদন/সুপারিশ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের পরিচালক (কারিগরি) এর মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক এর অনুমোদন নিয়ে মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণার কমিটির সভাপতির সাথে আলোচনাপূর্বক কমিটির সদস্য সচিব সভা আহ্বান করবেন এবং অকেজো ঘোষণাযোগ্য মোটরযান, কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির সংরক্ষিত/সম্ভাব্য মূল্য নির্ধারণ করে কমিটির মতামত সভার কার্যবিবরণীতে সুপারিশ আকারে লিপিবদ্ধ করবেন। অকেজো ঘোষণকরণ কমিটি প্রয়োজন মনে করলে অকেজো ঘোষণার জন্য প্রস্তাবকৃত সকল বা কিছু সংখ্যক মোটরযান, কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রত্যক্ষ পরিদর্শন করতে পারবে। কমিটির সুপারিশ অনুমোদনের জন্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক এর বরাররে পেশ করা হবে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক উক্ত কমিটির সুপারিশ চুড়ান্ত অনুমোদন প্রদান করবেন। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক এর চুড়ান্ত অনুমোদনের পর প্রচলিত বিধি বিধান অনুসরণপুর্বক অকেজো ঘোষিত মোটরযান, কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। অকেজো ঘোষণা ও বিক্রয় সংক্রান্ত কার্যক্রম সমাপ্তির পর বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অবহিত করতে হবে।

**৬। অকেজো ঘোষিত মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি নিষ্পত্তির প্রক্রিয়াঃ**

৬.১। কোন মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি চুড়ান্তভাবে অকেজো ঘোষিত হবার পরে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সংগ্রহ শাখা কর্তৃক বিক্রয়ের কার্যক্রম সম্পন্ন করতে হবে। বিক্রয়ের নিমিত্ত ১ টি বাংলা ও ১ টি ইংরেজি বহুল প্রকাশিত জাতীয় দৈনিক পত্রিকায় নিলাম দরপত্র আহ্বান করতে হবে। নিলাম দরপত্র সিডিউলে মোটরযান এবং কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংরক্ষিত মূল্য উল্লেখ করতে হবে। এক্ষেত্রে নিলাম দরদাতা উদ্ধৃত মূল্যের সাথে সিকিউরিটি মানি হিসেবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করবে।

৬.২। নিলাম দরপত্র প্রাপ্তির পর বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ দরপত্র উম্মুক্ত কমিটি নিলাম দরপত্র উন্মুক্ত করবে এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ দরপত্র মূল্যায়ন কমিটি নিলাম দরপত্রগুলি পরীক্ষা-নিরীক্ষা ও মুল্যায়ন কমিটির সুপারিশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রশাসন শাখা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে।

৬.৩। অকেজো ঘোষিত মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উপস্থাপন করতে হবে এবং মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ কমিটি প্রয়োজনবোধে যুক্তিসংগত কারণে সংরক্ষিত মূল্য পুন: নির্ধারণের জন্য সুপারিশ করতে পারবে।

৬.৪। একাধিক নিলাম দরপত্র আহ্বান করার পরও সংরক্ষিত মূল্যের চেয়ে কম মূল্যে নিলাম দরপত্র দাখিল হলে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

৬.৫। বর্ণিত কমিটির প্রতি সভায় অংশগ্রহণের জন্য কমিটির প্রতি সদস্যকে সম্মানী প্রদান করা হবে।

৬.৬। সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণপূর্বক মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২৭/১২/২১

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

**বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
**আইসিটি টাওয়ার, আগারগাও, ঢাকা**

স্মারক নং- ৫৬.০২.০০০০.০০৮.২৬.০৮৪.২০২১-৯৪২ তারিখঃ ২৭/১২/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ

১। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাও, ঢাকা।
২। সদস্য (সকল), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাও, ঢাকা।

২৭/১২/২০২১

পরিচালক (অর্থ ও প্রশাসন)
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

পরিশিষ্ট-ক

**মোটরযান অকেজো ঘোষণাকল্পে মালিকানা দপ্তর কর্তৃক সরবরাহযোগ্য তথ্য বিবরণী।**

১। (ক) রেজি নং : তারিখ : (খ) নির্মাতা :
(গ) গাড়ির ধরণ: (ঘ) প্রস্তুতকাল :
(ঙ) চেসিস নং : মডেল :
(চ) ইঞ্জিন নং : মডেল :
(ছ) ইঞ্জিনঃ পেট্রোল/ডিজেল: (জ) সিলিন্ডারের সংখ্যা :
(ঝ) কিলোমিটার প্রতি লিটারে:

২। (ক) মোট কতদিন বিকল আছেঃ
(খ)বৈকল্যের কারণসমূহঃ
(১)
(২)
(৩)

৩। (ক) মোটরযানটি যে স্থানে বর্তমানে আছেঃ
(খ) মোটরযান নিয়ন্ত্রণকারীঃ
নাম ও পদবী :
অফিস :
ঠিকানা:
টেলিফোন নং :

৪। মোটরযান প্রাপ্তির উৎস/ক্রয়মূল্য/ক্রয়ের তারিখ:

৫। প্রতি বছররের মেজর ইউনিটসমূহের ওভারহোলিং-এর তারিখ ও মেরামত কাজের খরচসহ বিস্তারিত বিবরণঃ

৬। মোটরযান মোট কত কিঃ মিঃ চলিয়াছে :
(ক) নতুন অবস্থায় কত কিঃ মিঃ চলিয়াছে.................
(খ) ইঞ্জিনের প্রথম ওভারহোলিং-এর পর কত কিঃ মিঃ চালিয়েছে....................
মেরামত খরচ.......................... টাকা...............................
(গ) ইঞ্জিনের দ্বিতীয় ওভারহোলিং-এর পর কত কিঃ মিঃ চালিয়েছে....................
মেরামত খরচ.......................... টাকা...............................
(ঘ) ইঞ্জিনের তৃতীয় ওভারহোলিং-এর পর কত কিঃ মিঃ চালিয়েছে....................
মেরামত খরচ.......................... টাকা...............................
(ঙ) ইঞ্জিন ব্যতীত অন্যান্য খরচ .................................. টাকা
(চ) ক্রয় এর তারিখ হইতে অচল হওয়া পর্যন্ত সর্বমোট মেরামত খরচ ...................... টাকা

৭। মোটরযানটির আনুমানিক বর্তমান বাজার মূল্য :

৮। মেরামতের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা সম্ভব কি ?

৯। বর্তমানে মেরামত করিতে কত টাকা খরচ হইতে পারে টাকা
ইহা বর্তমান আনুমানিক বাজার মূল্যের শতকরা কত ভাগঃ

১০। অকেজো ঘোষণা করিবার পক্ষে যুক্তিঃ
(প্রয়োজনে আলাদাভাবে দেওয়া যেতে পারে)

| বিবরণ প্রস্তুতকারীর<br>স্বাক্ষর ও পদবী | সংশ্লিষ্ট কর্মকর্তার<br>স্বাক্ষর | অফিস প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার<br>স্বাক্ষর (নাম, পদবী ও সীল) |
|---|---|---|

এস. এম. আল-মামুন
রক্ষণাবেক্ষণ প্রকৌশলী
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

পরিশিষ্ট-খ

# অচল/অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির তথ্য বিবরনী

**অংশ-'ক'**

**(মালিকানা দপ্তর পূরণ করিবে)**

**প্রয়োজনবোধে আলাদা সীট ব্যবহার করা যাইবে।**

**দপ্তর:** **মন্ত্রণালয়/বিভাগ:** **প্রতিবেদনের তারিখ:**

| তথ্য শিরোনাম | কম্পিউটার | আনুষাঙ্গিক যন্ত্রপাতি |
|---|---|---|
| আইটেম নং | | |
| ব্রান্ড/মডেল | | |
| সংক্ষিপ্ত স্পেসিফিকেশন | | |
| ক্রয়/সংগ্রহের বৎসর | | |
| সরবরাহকারী প্রতিষ্ঠান | | |
| ওয়ারেন্টি কাল | | |
| ক্রয়মূল্য | | |
| রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| রক্ষণাবেক্ষণ ব্যয় (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| বিকল হওয়ার তারিখ | | |
| বৈকল্যের কারণ/লক্ষণ | | |
| অকেজো ঘোষণাকরণের পক্ষে যুক্তি | | |
| মন্তব্য | | |
| বিবরণ প্রস্তুতকারীর স্বাক্ষর<br>তারিখঃ | দপ্তর প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর<br>(নাম, পদবী ও সীল) | |

এস. এম. আল-মামুন
রক্ষণাবেক্ষণ প্রকৌশলী
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**পরিশিষ্ট-গ**

**দপ্তরের নাম ও ঠিকানা**

**অচল/অকেজো ঘোষণাযোগ্য** অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি, আসবাবপত্র ও অন্যান্য দ্রব্য-সামগ্রীঃ যেমন-ফটোকপিয়ার মেশিন, ফ্যাক্স মেশিন, প্রিন্টার মেশিন, এয়ার কন্ডিশনার, ইন্টারকম ও টেলিফোন সেট, সাউন্ড সিস্টেম, প্রজেক্টর, এলইডি ডিসপ্লে, টিভি, ফ্রিজ, সিসি ক্যামেরা ইত্যাদি এবং হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবহার অযোগ্য আসবাবপত্র ও অন্যান্য সামগ্রী **ইত্যাদি যন্ত্রাদির তথ্য বিবরনীঃ**

প্রতিবেদনের তারিখঃ......................................

১। মেশিনের নাম :

২। (ক) মেশিনের নম্বর :

(খ) মডেল নম্বর :

৩। (ক) সংগ্রহের উৎস :

(খ) সংগ্রহের/ক্রয়ের তারিখ :

(গ) ক্রয়মূল্য :

৪। মেশিনটি কত বৎসর ব্যবহৃত হইয়াছে? :

৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ :

(রক্ষণাবেক্ষণ ব্যয় উল্লেখ করিতে হইবে) :

৬। (ক) বিকল হওয়ার তারিখ :

(খ) বিকল হওয়ার কারণ :

৭। অকেজো ঘোষণা করার পক্ষে যুক্তি :

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার
স্বাক্ষর ও সীল।

৮। প্রত্যক্ষ পরিদর্শনের পর কারিগরি কমিটির মন্তব্য (বর্তমান বাজার মূল্য বিবেচনায় সংরক্ষিত মূল্য ধার্য্য করিতে হইবে) :

| সদস্য সচিব<br>কারিগরি কমিটি | সদস্য<br>কারিগরি কমিটি | সভাপতি/আহ্বায়ক<br>কারিগরি কমিটি |
|---|---|---|

৯। অফিস প্রধানের মতামত :

অফিস প্রধানের
স্বাক্ষর ও সীলমোহর।

এস. এম. আল-মামুন
রক্ষণাবেক্ষণ প্রকৌশলী
বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ